

Subject : Bengali Grammar

Date : 24.04.2020

Topic : বিশেষ্য পদ ও অনুচ্ছেদ লিখন

১) নীচে দেওয়া বিভিন্ন প্রকারের বিশেষ্য পদগুলির প্রত্যেকটির দুটি করে উদাহরণ দাও।

- ক) গুণবাচক বিশেষ্য — সেবা, মমতা
খ) বস্তু বা দ্রব্যবাচক বিশেষ্য — টেবিল, আলমারি
গ) নাম বাচক বিশেষ্য — রমেশ, কলকাতা
ঘ) ক্রিয়াবাচক বিশেষ্য — শয়ন, ভ্রমণ
ঙ) জাতিবাচক বিশেষ্য — মাছ, বাঙালি

২) ছকে দেওয়া বিশেষ্য পদগুলি দিয়ে শূন্যস্থান পূরণ কর।

শ্রদ্ধা, ফুল, মানুষ, রবীন্দ্রনাথ, জয়িতা

- ক) জয়িতা নাচ করছে।
খ) মানুষ বুদ্ধিদীপ্ত প্রাণী।
গ) গুরুজনদের শ্রদ্ধা করা উচিত।
ঘ) আমি ফুল ভালোবাসি।
ঙ) রবীন্দ্রনাথ পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ কবি।

৩) নীচের বাক্যগুলিতে দাগ দেওয়া বিশেষ্য পদগুলি কোন্টি কোন্ শ্রেণীর লেখ।

- ক) মা টিভি দেখছেন।
উঃ টিভি — বস্তুবাচক বিশেষ্য।
খ) আমার ভাই সাঁতার শেখে।
উঃ সাঁতার — ক্রিয়াবাচক বিশেষ্য।
গ) দুধ খাওয়া শরীরের পক্ষে উপকারী।
উঃ দুধ — বস্তুবাচক বিশেষ্য।
ঘ) গোপাল রোজ মাঠে খেলে।
উঃ গোপাল — নামবাচক বিশেষ্য।
ঙ) গোরু গৃহপালিত পশু।
উঃ গোরু — জাতিবাচক বিশেষ্য।

৪) ঠিক উত্তরটির মাথায় (✓) চিহ্ন দাও।

- ক) চাল — নামবাচক বিশেষ্য / বস্তুবাচক বিশেষ্য।
খ) হিন্দু — জাতিবাচক বিশেষ্য / নামবাচক বিশেষ্য।
গ) দর্শন — বস্তুবাচক বিশেষ্য / ক্রিয়াবাচক বিশেষ্য।
ঘ) সততা — গুণবাচক বিশেষ্য / নামবাচক বিশেষ্য।

৫) অনুচ্ছেদ লেখ : 'আমার প্রিয় ফল' (৬ - ৮ টি বাক্য)

আমার প্রিয় ফল হল আম। আম অতি সুস্বাদু ও রসাল ফল। আম হল ফলের রাজা। ল্যাংড়া, ফজলী, হিমসাগর, চৌসা, গোলাপজাম প্রভৃতি নানারকমের আম পাওয়া যায়। কাঁচা আম দিয়ে আচার, চাটনি, মোরব্বা, আমচুর প্রভৃতি তৈরী করা হয়। পাকা আম দিয়ে আমসত্ত্ব হয়। আমকে জাতীয় ফল বলা হয়। পশ্চিমবাংলার মালদহ ও মুর্শিদাবাদ আমের জন্য বিখ্যাত।

————— x —————

Rita Das